



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ি -১৬/৬৬১৩/১


তারিখঃ ০৫.০৯.২০১৯খ্রিঃ

## বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রাজবাড়ি জেলার বালিয়াকান্দি উপজেলাধীন বালিয়াকান্দি দাখিল মাদ্রাসার সুপার সভাপতির নাম পরির্তনসহ নব নির্বাচিত সভাপতির নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্রের আলোকে দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসারের পদবি না দিয়ে শুধুমাত্র নামের উপর সভাপতি নির্বাচিত করা হয়েছিল। উপজেলা নির্বাহী অফিসার বদলি হলে সভাপতির পদ নিয়ে জটিলতা সৃষ্টি হয়। পরবর্তীতে সুপার সভাপতি নির্বাচনের রেজুলেশনের কপি ও উপজেলা নির্বাহী অফিসারের বদলি অথবা পদত্যাগের বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত না করেই শুধুমাত্র সভাপতি পরিবর্তনের জন্য আবেদন অত্র বোর্ডে প্রেরণ করেন।

বর্ণিত অবস্থায় সভাপতির নির্বাচনের রেজুলেশনের কপি ও উপজেলা নির্বাহী অফিসারের বদলি অথবা পদত্যাগের বিষয়ে প্রয়োজনীয় কাগজপত্র দাখিলসহ কেন উক্ত কাগজপত্র বাদ দিয়েই সভাপতি পরিবর্তনের জন্য শুধু আবেদন প্রেরণ করলেন সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যাসহ সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

 বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক,  
সভাপতি/সুপার, বালিয়াকান্দি দাখিল মাদ্রাসা  
পো: ও ডাকঘর: বালিয়াকান্দি, উপজেলা: বালিয়াকান্দি, জেলা: রাজবাড়ি।

নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ি -১৬/৬৬১৩/১

তারিখঃ ০৫.০৯.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, রাজবাড়ি।
২. জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ি।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ি।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ি।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪